# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৫২

২৮/ খাদ্য সম্পর্কিত (كتاب الأطعمة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আহারের পূর্বে ও পরে উযূ করা।

## باب مَا جَاءَ فِي الْوُضُوءِ قَبْلَ الطَّعَامِ وَبَعْدَهُ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا قَيْسُ بْنُ الرَّبِيعِ، ح قَالَ وَحَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْكَرِيمِ الْجُرْجَانِيُّ، عَنْ قَيْسِ بْنِ الرَّبِيعِ الْمَعْنَى، وَاحِدٌ، عَنْ أَبِي هَاشِمٍ يَعْنِي الرُّمَّانِيَّ، عَنْ زَاذَانَ، عَنْ سَلْمَانَ، قَالَ قَرَأْتُ فِي التَّوْرَاةِ أَنَّ بَرَكَةَ الطَّعَامِ الْوُضُوءُ بَعْدَهُ فَذَكَرْتُ ذَلِكَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم فَأَخْبَرْتُهُ بِمَا قَرَأْتُ فِي التَّوْرَاةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " بَرَكَةُ الطَّعَامِ الْوُضُوءُ قَبْلَهُ وَالْوُضُوءُ بَعْدَهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى لاَ نَعْرِفُ هَذَا الْحَدِيثَ إِلاَّ مِنْ حَدِيثِ قَيْسِ بْنِ الرَّبِيعِ . وَقَيْسُ بْنُ الرَّبِيعِ يُضَعَّفُ فِي الْحَدِيثِ وَأَبُو هَاشِمٍ الرُّمَّانِيُّ اسْمُهُ يَحْيَى بْنُ دِينَارٍ .

বাংলা

১৮৫২। ইয়াহইয়া ইবনু মূসা (রহঃ) ... সালমান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি তাওরাতে পড়েছি, খাদ্যের বরকত হল এর পরে অযূ করা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আমি এ কথা আলোচনা করলাম এবং তাওরাতে যা পড়েছি এর উল্লেখ করলাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, খানার বরকত হল এর পূর্বে এবং পরে অযূ করা। যঈফ, যঈফাহ ১৬৮, মুখতাসার শামাইল ১৫৯, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৪৬ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আনাস, আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। কায়স ইবনু রাবী’ (রহঃ)-এর সূত্র ছাড়া এ হাদীসটি সম্পর্কে আমরা কিছু অবহিত নই। কায়স হাদীসের ক্ষেত্রে যঈফ বলে বিবেচিত। আবূ হামিম রুম্মানী (রহঃ)-এর নাম হল ইয়াহ্ইয়া ইবনু দ্বীনার।

## English

Narrated Salman:

"I read in the Tawrah that the blessing for food is in the Wudu' after it. So I mentioned that to the Prophet (ﷺ), telling him what I read in the Tawrah. So the Messenger of Allah (ﷺ) said: 'The food's blessing is in the Wudu' before it and the Wudu' after it.'"

He said: There are narrations on this topic from Anas and Abu Hurairah.

[Abu 'Eisa said:] We do not know of this Hadith except as a narration of Qais bin Ar-Rabi'. Qais [bin Ar-Rabi'] was graded weak in Hadith. Abu Hashim Ar-Rumani's (a narrator in the chain) name is Yahya bin Dinar.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22697

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন